

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৬৫
আগরতলা, ০৭ মার্চ, ২০১৮

৯ই মার্চ নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ

আগামী ৯ই মার্চ দুপুর বারোটায় আসাম রাইফেলস্ মাঠে নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উপস্থিত থাকবেন। শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য সবধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ পশ্চিম ত্রিপুরার জেলা শাসক মিলিন্দ রামটেকে সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। ডি এম অফিসের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরার পুলিশ সুপার অভিজিৎ সপ্তমী এবং ট্রাফিক পুলিশ সুপার রতিরঞ্জন দেবনাথ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার এস পি এবং ট্রাফিক পুলিশের এস পি জানান, ৯ মার্চ শপথ গ্রহণ অনুষ্ঠান দেখতে আসা সাধারণ মানুষ, আমন্ত্রিত অতিথিগণ কোন কোন গেট দিয়ে মাঠে প্রবেশ করবেন, কোথায় যানবাহন পার্ক করার ব্যবস্থা থাকবে তা চূড়ান্ত করা হয়েছে। যানবাহন চলাচল এবং নিরাপত্তা ব্যবস্থার জন্য ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। পুলিশ সুপার জানান, আসাম রাইফেলস্ মাঠের এক নম্বর গেট দিয়ে ভি ভি আই পি, নবনির্বাচিত বিধায়কগণ প্রবেশ করবেন। আমন্ত্রিত অতিথি এবং সাংবাদিকগণ মাঠের দুই নম্বর গেট দিয়ে প্রবেশ করবেন। মাঠের পেছন দিকে শিব মন্দিরের দিকে তিন নম্বর গেট দিয়ে শপথ গ্রহণ অনুষ্ঠান দেখতে আসা সাধারণ মানুষের প্রবেশের ব্যবস্থা করা হয়েছে। ট্রাফিক পুলিশ সুপার জানিয়েছেন, শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য যে সমস্ত রাস্তা সমূহ ঐদিন সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত যানজট থাকবে সেগুলি হচ্ছে:-

- ১) চন্দ্রপুর - জয়গুরু - মঠ চৌমুহনী - পূর্বাশা - জেইল আশ্রম রোড।
- ২) যোগেন্দ্রনগর - বিদ্যাসাগর - কলেজটিলা - মঠ চৌমুহনী রোড।
- ৩) শালবাগান - সিধাই ক্রসিং - গোয়ালাবস্তি - সার্কিট হাউস - রাধানগর রোড।
- ৪) এ ডি নগর - বড়দোয়ালী - নাগেরজলা - বটতলা রোড।

হাসপাতালে যে যে রাস্তা ধরে যেতে হবে:-

- ১) নাগেরজলা - বটতলা - ফায়ার সার্ভিস - দুর্গা চৌমুহনী - বড়জলা - ভোলাগিরি - জি বি / আই এল এস।
- ২) বোধজং চৌমুহনী - ভগবান ঠাকুর - অভয়নগর - এ জি অফিস - মালঞ্চ নিবাস - শ্যামলী বাজার - জি বি।

বিমান যাত্রীরা যে যে রাস্তা ধরে যাতায়াত করবেন :-

- ১) শহর দক্ষিণাংশের যাত্রীদের জন্য নাগেরজলা - বটতলা - ফায়ার সার্ভিস - দুর্গা চৌমুহনী - বড়জলা - নতুননগর - এয়ারপোর্ট
- ২) শহরের পূর্বাংশের যাত্রীদের জন্য আই জি এম চৌমুহনী - ফায়ার সার্ভিস চৌমুহনী - দুর্গা চৌমুহনী - বড়জলা - নতুননগর - এয়ারপোর্ট।
- ৩) খয়েরপুর বা ঐ সমস্ত এলাকা থেকে আগত যাত্রীদের জন্য বণিক্য চৌমুহনী - নন্দননগর - ভালুকিয়া টিলা - শালবাগান - গান্ধীগাম - নরসিংগড় - এয়ারপোর্ট।

পার্কিং এলাকা:-

- ১) ধর্মনগর, কৈলাসহর, পানিসাগর, পেচারখল, কাঞ্চনপুর, কুমারঘাট, মনু আমবাসা, তেলিয়ামুড়া, জিরানীয়া, রাণীরবাজার এ সমস্ত এলাকা থেকে আগত গাড়িগুলি ক্ষুদিরাম স্কুলের সামনে লোক নামিয়ে আই এস বি টি চন্দ্রপুর দাঁড়াবে।
- ২) সদর উত্তরাংশের যেমন সিধাই মোহনপুর, সিমনা, বামুটিয়া, খোয়াই, রামচন্দ্রঘাট, কল্যাণপুর এ সমস্ত এলাকা থেকে আগত গাড়িগুলি সিধাই ক্রসিং-এ লোক নামিয়ে শালবাগানের দিকে রাস্তার একপাশে দাঁড়াবে।
- ৩) বিশালগড়, বক্সনগর, সোনামুড়া, নলছড়, উদয়পুর, অমরপুর, বিলোনীয়া, শান্তিরবাজার, জেলাইবাড়ি, সারুম এ সমস্ত এলাকা থেকে আগত গাড়িগুলি নাগেরজলা মোটরস্ট্যাণ্ডে লোক নামিয়ে ঐখানেই দাঁড়াবে।
- ৪) প্রতাপগড়, বাধারঘাট, সূর্যমণিনগর, ক্যাম্পেরবাজার এবং সদরের বিভিন্ন এলাকা থেকে আগত গাড়িগুলি রবীন্দ্র ভবনের সামনের রাস্তায়, ওরিয়েন্ট চৌমুহনী থেকে আই জি এম চৌমুহনী পর্যন্ত রাস্তার উত্তর পাশে দাঁড়াবে।
- ৫) ট্রেনে করে যারা আসবেন তারা যোগেন্দ্রনগর রেল স্টেশন থেকে গাড়ি করে এসে ক্ষুদিরাম স্কুলের সামনে নেমে যাবেন এবং তাদের গাড়িগুলি পূর্বাংশের সামনে এবং উইমেন্স কলেজের সামনের রাস্তায় দাঁড়াবে।

সমস্ত যানবাহন চালক, অভিভাবক-অভিভাবিকা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী-পরীক্ষার্থীনি তথা সমস্ত অংশের নাগরিকদের অবগতির জন্য এই তথ্য জানানো হয়েছে।

জেলা শাসক জানিয়েছেন, পশ্চিম ত্রিপুরা জেলার যেসব থানা এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে তা আগামী ৮ মার্চ পর্যন্ত রাত ৮টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে।
